

৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

শেরী এস. মারে (Scherie S. Murray) (R)

রোজডেল, লরেলটন, স্প্রিং ফিল্ড গার্ডেনস ও ফার রকওয়ে; আমি সিটি কাউন্সিলে আপনাদের প্রার্থী। আমার নাম Scherie Murray এবং এখন নতুন নেতৃত্বের সময়। আজকের রাজনীতির দুর্নীতি আর স্ব-স্বার্থ চরিতার্থতায় আমি বিরক্ত। সে জন্যই আমি সিটি কাউন্সিল নির্বাচনে অবতীর্ণ হয়েছি। আমি আইনে ডিগ্রী পেয়েছি গভর্নমেন্ট এন্ড কমিউনিটি সার্ভিস হাই স্কুল থেকে আমি ব্যতিক্রমী কমিউনিটি সেবা পুরস্কার সহ ডিপ্লোমা করেছি। বর্তমানে, CUNY থেকে আমার দুটো ডিগ্রী আছে; মাইক্রোকম্পিউটার বিজনেস সিস্টেম ও ব্রডকাস্ট জার্নালিজম। বন্ধুগণ, এ ডিস্ট্রিক্টে আমি ১৪ বছর যাবৎ বাস করছি। একজন অধিবাসী হিসাবে, প্রতিটি কমিউনিটিকে ক্ষতিগ্রস্ত করার মতো সমস্যাবলীর লম্বা তালিকা সম্পর্কে আমি অবগত; এবং যদি আপনারা আমাকে নির্বাচিত করেন এইভাবে যে জনগণের যে পলিসি রয়েছে সেটা তেজোদ্দীপ্ত করে আপনাদের ও আপনাদের পরিবারের জীবনযাপন গুণমান উন্নততর করে এই তালিকাটি আমি সংক্ষিপ্ত করবো যারা আমাদের রাজনৈতিক ব্যবস্থার উপরে আস্থা হারিয়েছেন, আমি তাদেরকে নিরুৎসাহ না হওয়ার কথা মনে করিয়ে দিতে চাই। প্রতিটি ভোটই গুরুত্বপূর্ণ। আমিই সবচেয়ে উত্তম প্রার্থী কারণ আপনাদের জন্য গুরুত্বপূর্ণ বিষয়বলীর সমাধান আমি দিতে পারি। আমাকে নির্বাচিত করুন কারণ আমি পরবর্তী প্রজন্মের জন্য একজন আদর্শ। রোজডেল, লরেলটন, স্প্রিং ফিল্ড গার্ডেনস ও ফার রকওয়ে আমি নতুন প্রজন্মের একজন নেতা। আমাদের তো একই সিটি কাউন্সিলে গত ১২ বৎসরের নেতৃত্ব রয়েছে। ১২ বৎসর যথেষ্ট সময়। এই সময়টা এখন নতুন প্রজন্মের। এই সময়টা হলো নতুন ধারণার এবং নতুন সমাধানের। নির্বাচনের দিন আমাকে ভোট দিন, Scherie Murray, কারণ এই সময়টা নতুন নেতৃত্বের।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

রিকার্ডো এ. ব্রাউন (Ricardo A. Brown) (JE)

হাই আমার নাম Ricardo Brown, আমি একজন সনদধারী জনহিসাবরক্ষক। আমি ব্রাউন ইয়ং এন্ড কোম্পানীর প্রেসিডেন্ট ও CEO, এবং আমি সিটি কাউন্সিল নির্বাচনে প্রতিদ্বন্দিতা করছি।

আমার ডিস্ট্রিক্ট এ কতকগুলি মৌলিক প্রয়োজনীয়তা নিম্নে তুলে ধরা হলো:

(১) স্যান্ডি প্রকোপে পতিত এলাকাগুলিকে পুনর্গঠন প্রয়োজন যে ক্ষেত্রে FEMA এর তহবিল ব্যবহারে বড় রকমের জবাবদিহিতার ব্যবস্থা সৃষ্টি করতে হবে।

(২) যুবকদের জন্য চাকুরী সেই সাথে যারা এখনও পড়ালেখা করছে তাদের জন্য ভলান্টিয়ার কার্যক্রম।

(৩) মান সম্মত পরিচর্যার এবং বয়স্কদের জন্য আমোদ প্রমোদের সুযোগ প্রদান।

(৪) সামরিক বাহিনীতে চাকুরীরত আমাদের নারী ও পুরুষদের জন্য ব্যাপক সেবা প্রদান।

নির্বাচিত হওয়ার পরে অন্যান্য যে বিষয়গুলিতে মনোযোগ দেয়া হবে:

(১) পুলিশ এবং সমাজের মধ্যে বৃহত্তর সহযোগিতার ক্ষেত্র তৈরী করতে হবে।

(২) ডিস্ট্রিক্ট এর প্রতিটি অংশে বেসামরিক টহলদারী দল তৈরী করতে হবে যা স্থানীয় সংগঠন কর্তৃক পরিচালিত হবে।

(৩) বন্যার প্রাদুর্ভাব কমানোর জন্য DEP এর কার্যক্রম বৃদ্ধি করতে হবে যা সমাজের নর্দমাগুলি পরিষ্কার রাখবে।

এই অফিসের জন্য আমি সর্বাপেক্ষা উত্তম প্রার্থী কারণ হচ্ছে আমার নির্বাহী এবং পেশাগত দক্ষতা। আমি জানি কি ভাবে চাকুরী সৃষ্টি করতে হয় এবং জন সাধারণের দক্ষতার উন্নয়ন করতে হয় এবং প্রতিভা যাতে তাঁরা সম্ভাবনার দ্বার প্রান্তে পৌঁছিতে পারে। আমি বুঝতে পারি যে কর্মী পরিবারের লোকজনদের সেবার প্রয়োজন। তাঁদের প্রয়োজন অধিকতর ভাল স্কুল এবং নিরাপদ সড়ক। তাঁদের জানার প্রয়োজন যে তাঁদের ছেলেমেয়েরা এবং বয়স্ক পিতামাতা যারা অবসর গ্রহন করেছেন তাদের মান সম্মত পরিচর্যার প্রয়োজন এবং তাঁদের কমিউনিটিতে বিনোদনের প্রয়োজন। ইহাই কারণ যে আমি সিটি কাউন্সিলের নির্বাচনে প্রতিদ্বন্দিতা করছি। আমার প্রচারাভিযানে আমার সহিত যোগদান করুন যে সমস্ত কাজ আমি করবো সেগুলির উন্নয়নের জন্য। আমাদের ওয়েবসাইট [brown4ny.com](http://brown4ny.com) দেখুন বা কোন প্রশ্ন থাকলে আমাদেরকে কল করুন বা যদি আপনি আমাদের প্রচারাভিযানে স্বেচ্ছাসেবী হতে চান। নির্বাচনের দিন ভোট দিন।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*